

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩৮০

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩৮. মাটিতে পেশাব লাগলে।

باب الأَرْضِ يُصِيبُهَا الْبَوْلُ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَمْرٍو بْنِ السَّرْحِ، وَابْنُ، عَبْدَةُ - فِي آخِرِينَ وَهَذَا لَفْظُ ابْنِ عَبْدِ - أَخْبَرَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ أَعْرَابِيًّا، دَخَلَ الْمَسْجِدَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَالِسٌ فَصَلَّى - قَالَ ابْنُ عَبْدِ - رَكَعَتَيْنِ ثُمَّ قَالَ اللَّهُمَّ ارْحَمْنِي وَمُحَمَّدًا وَلَا تَرْحَمْ مَعَنَا أَحَدًا . فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " لَقَدْ تَحَجَّرَتْ وَاسِعًا " . ثُمَّ لَمْ يَلْبَثْ أَنْ بَالَ فِي نَاحِيَةِ الْمَسْجِدِ فَأَسْرَعَ النَّاسُ إِلَيْهِ فَنَهَاهُمْ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ " إِنَّمَا بُعِثْتُ مُبَسِّرِينَ وَلَمْ تُبْعَثُوا مُعَسِّرِينَ صَبُّوا عَلَيْهِ سَجَلًا مِنْ مَاءٍ " . أَوْ قَالَ " ذُنُوبًا مِنْ مَاءٍ " .

বাংলা

৩৮০. আহমাদ ইবনু আমর সাঈদ ইবনুল মুসাইয়্যাব (রহঃ) থেকে আবু হুরায়রা (রাঃ) এর সূত্রে বর্ণিত। একদা এক বেদুইন মসজিদে প্রবেশ করে নামায আদায় করে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মসজিদে বসা ছিলেন। ইবনু আব্দার বর্ণনায় আছে, এই বেদুইন দুই রাকাত নামায আদায় করেছিল। অতঃপর সে এভাবে দু'আ করল, ইয়া আল্লাহ! তুমি আমার ও মুহাম্মাদের উপর রহমত নাযিল কর এবং আমরা ব্যতীত অন্য কারও উপর রহমত বর্ষণ কর না।” একথা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ তুমি প্রশস্তকে সংকীর্ণ করেছ (অর্থাৎ ব্যাপক রহমতকে তুমি সীমিত করে ফেলেছ)। কিছুক্ষণ পর ঐ ব্যক্তি মসজিদের এক কোণায় পেশাব করল। মসজিদে উপস্থিত মুসল্লীগণ তাকে বাধা দিতে উদ্ধত হল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিবৃত্ত হতে বলেন। অতঃপর তিনি ইরশাদ করেনঃ তোমাদেরকে সহজভাবে সমস্ত কাজ সম্পন্ন করার জন্য প্রেরণ করা হয়েছে কঠিনভাবে নয়। তোমরা তার উপর (পেশাবের উপর) এক বালতি পানি ঢেলে -দাও। (বুখারী, মুসলিম, তিরমিযী, নাসাঈ, ইবনু মাজাহ)।

English

Abu Hurairah reported:

A bedouin entered the mosque while the Messenger of Allah (ﷺ) was sitting. He offered two rak'ahs of prayer, according to the version of Ibn 'Abdah. He then said: O Allah, have mercy on me and on Muhammad and do not have mercy on anyone along with us. The Prophet (ﷺ) said: You have narrowed down (a thing) that was broader. After a short while he passed a water in the corner of the mosque. The people rushed towards him. The Prophet (ﷺ) prevented them and said: You have been sent to facilitate and not create difficulties. Pour a bucket of water upon it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=16803>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন